রেজিঃ/এডিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৫.২১. ৫১২

তারিখঃ ২০/১২/২০২১ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- ০৪৫/২০২১

**অভিযোগনামা**

যেহেতু আপনি হোসনে য়ারা আখতার, পিতাঃ আলতাফ হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল কর্তৃক ভেরিফাইড ফেসবুকে পেইজে (Akter Hossain) গত ০১/০২/২০২১ খ্রিঃ তারিখে একটি পোষ্ট করেন এবং মুক্তিযোদ্ধার কন্যা পরিচয় দিয়ে অভিযোগ করেন আপনার কর্মস্থলে একজন কর্মকর্তা যোগদান করেছেন, যিনি বিএনপি রাজাকার (অভিযুক্ত কর্মকর্তার নাম প্রকাশ করেননি)।

২। যেহেতু, আপনার বিরুদ্ধে গত ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখে কৈফিয়ত তলব করা হয়;

৩। যেহেতু, আপনি গত ০৪/১১/২০২১ খ্রিঃ তারিখ কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন এবং ভুল স্বীকার করেন;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি হোসনে য়ারা আখতার, পিতাঃ আলতাফ হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল কে "অসদাচরণ" এর দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব ০৩ (তিন) সেট নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করিতে ইচ্ছুক কিনা, তা জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

৬। যে অভিযোগ বিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, সে অভিযোগ বিবরণীর ০১(এক) কপি অত্রসাথ সংযুক্ত করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল- info@dgnm.gov.bd

প্রাপকঃ
হোসনে য়ারা আখতার
পিতাঃ আলতাফ হোসেন
নার্সিং ইনস্ট্রাক্টর
বরিশাল নার্সিং কলেজ, বরিশাল।

২। স্থায়ী ঠিকানাঃ
হোসনে য়ারা আখতার
পিতাঃ আলতাফ হোসেন
গ্রামঃ ফলাঘর, পোষ্টঃ কালীগঞ্জ
উপজেলাঃ বকেরগঞ্জ, জেলাঃ বরিশাল।

০/৫

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৫.২১.৩২/২(১৩) তারিখঃ ২০ /১২/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪। অধ্যক্ষ, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল।

৫। উপপরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২০/১২/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর

(উপসচিব)

পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)

ফোনঃ ০২- ৪১০৮০৮১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

**অভিযোগ বিবরণী**

জনাব হোসনে য়ারা আখতার, পিতাঃ আলতাফ হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল কর্তৃক ভেরিফাইড ফেসবুকে পেইজে (Akter Hossain) গত ০১/০২/২০২১ খ্রিঃ তারিখে একটি পোষ্ট করেন এবং মুক্তিযোদ্ধার কন্যা পরিচয় দিয়ে অভিযোগ করেন তার কর্মস্থলে একজন কর্মকর্তা যোগদান করেছেন, যিনি বিএনপি রাজাকার (অভিযুক্ত কর্মকর্তার নাম প্রকাশ করেননি)। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

২০/১২/২০২১
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd